



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮



ভূসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর: ৩১.০০.০০০০.০৯১.২৬.০০২.২১-২৩২

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: একটি মাইক্রোবাস ড্রাইভারসহ ভাড়ায় সরবরাহের কার্যাদেশ (Notification Award)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং” শীর্ষক প্রকল্পের অধীনে ড্রাইভারসহ একটি মাইক্রোবাস ভাড়ায় সরবরাহের দরপত্রে উল্লিখিত স্পেসিফিকেশন ও শর্তানুযায়ী সরবরাহের নিমিত্ত তাঁর ২২ আগস্ট ২০২১ তারিখে দাখিলকৃত সর্বনিম্ন দর ভাড়ায় ড্রাইভারসহ একটি মাইক্রোবাসের মাসিক ৭৪,৮৫০/- (চুয়াত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকা হারে ৪২ (বিয়াল্লিশ) মাসের জন্য মোট = (৭৪,৮৫০/- × ৪২) = ৩১,৪৩,৭০০/- (একত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত) টাকা হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক উহা গৃহীত হয়েছে। সেপ্রেক্ষিতে ৪২ (বিয়াল্লিশ) মাসের জন্য ড্রাইভারসহ একটি মাইক্রোবাস ভাড়ায় সরবরাহের নিমিত্ত মোট = (৭৪,৮৫০/- × ৪২) = ৩১,৪৩,৭০০/- (একত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত) টাকার কার্যাদেশ প্রদান করা হলো।

২। এমতাবস্থায়, এ কার্যাদেশ প্রাপ্তির পর নিম্ন বর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে লিখিত সম্মতি জ্ঞাপন।

(খ) বিধি মোতাবেক মোট চুক্তিমূল্যের ৫% অর্থাৎ মোট = (৩১,৪৩,৭০০ × ৫%) = ১,৫৭,১৮৫/- (এক লক্ষ সাতাত্তর হাজার একশত পঁচাত্তর) টাকার কার্য সম্পাদন জামানত এই পত্র প্রাপ্তির ১৪ (চৌদ্দ) কর্মদিবসের মধ্যে প্রদান করতে হবে।

(গ) আগামী ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

উপর্যুক্ত কার্যাদেশ সম্পাদনসহ উল্লিখিত সেবা সরবরাহের জন্য অগ্রসর হতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সরবরাহের কার্যাদেশ (Notification Award) এর মাধ্যমে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে আপনার উপর বাধ্যবাধকতা আরোপিত হবে।

(মোঃ কাফিল উদ্দিন)

প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)

মোবাইল: ০১৭১১১৮৪০২১

ই-মেইল: pdlandzoning@minland.gov.bd

প্রোগ্রাইটর

ফেনী রেন্ট এ কার

৫৬, ইস্টার্ন ট্রেড সেন্টার, ৮ম তলা

পুরানা পল্টন, ঢাকা-১০০০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।